

ঢাকা ওয়াসা

বিষয়ঃ রাজস্ব জোন-২ এর কম্পিউটার ও সাধারণ শাখার জন্য ১৪(চৌদ্দ)টি বিভিন্ন মডেলের টোনার ক্রয় বাবদ ২৪,১০০/- (চব্বিশ হাজার একশত) টাকা অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

৪০। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, রাজস্ব জোন-২ এর গ্রাহক হিসাব সংখ্যা প্রায় ৩৪,০০০। অত্র জোনের বকেয়া বিল আদায়ের সামারী, কলসুলেটেড বিল তৈরী, বকেয়া ও একাউন্ট এস্টেটমেন্ট রিপোর্ট, গ্রাহক তথ্য, বকেয়া প্রত্যয়ন পত্র, না- দাবী প্রত্যয়ন পত্র, পানি ও পয়ঃ সংযোগের ক্লিয়ারেন্স প্রদান এবং অন্যান্য অফিসিয়াল চিঠিপত্র প্রিন্ট করার প্রয়োজন হয়। কিন্তু গত এপ্রিল/২৫ মাস থেকে কমন সার্ভিস ডিভিশন থেকে পূর্বেই ব্যবহৃত Laser Jet Pro M4002dn ও Laser Jet Pro M4004dn প্রিন্টারের টোনার যথাক্রমে LH 26A, CF 76A সরবরাহ না থাকায় জোনের বিলিং ও আদায় কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। এছাড়া গত জুলাই/২৫ মাসের অত্র জোনে Laser Jet Pro M4003dn মডেলের ৪ টি প্রিন্টার সরবরাহ ও Laser 1008A Single Function Mono মডেলের ২টি প্রিন্টার ক্রয় করা হয়েছে। অত্র জোনে ব্যবহৃত এই ৬(ছয়)টি প্রিন্টারের টোনার অনলাইন রিকুয়েজেশনে না থাকায় চাহিদা দেয়া যাচ্ছে না ফলে জোনের দাপ্তরিক কার্যক্রম প্রায় স্থবির হয়ে পড়েছে। ততপ্রেক্ষিতে কাগজ ও টোনার সরবরাহ সংক্রান্ত একটি নথি স্মারক নং- প্রে-১৭৮/রাঃ জোঃ-২/০৭/০৬/২০২৫ইং এবং একটি পত্র স্মারক নং- ৪৬.১১৩.৩০৫.০০.০০.২০২৫/২৬৬, তারিখঃ- ০২/০৯/০৬/২০২৫ইং, উপ-সচিব, কমন সার্ভিস বিভাগে প্রেরণ করা হয়েছে(সংযুক্তি-৫)। তবে কমন সার্ভিস বিভাগ থেকে অদ্যাবদি টোনার প্রাপ্তির কোন আশ্বাস পাওয়া যায় নাই। রাজস্ব বিলিং ও আদায় কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া হওয়ায় রাজস্ব জোন সমূহে প্রতিনিয়ত গ্রাহক সেবা প্রদান করতে হয়। গ্রাহক সেবা প্রদানের জন্য টোনার/কার্টিজ সরবরাহ অত্যন্ত জরুরী। তাই অত্র জোনের জরুরী প্রিন্টিং সংক্রান্ত চাহিদা পূরন ও অফিসিয়াল কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে বিভিন্ন মডেলের ১৪(চৌদ্দ)টি টোনার/কার্টিজ ক্রয় করা প্রয়োজন। স্থানীয় বাজারদর যাচাই করে যে সর্বনিম্ন দর নিম্নোক্ত ছকে উল্লেখ করা হলো(সংযুক্তি-৬) :-

ক্রম	বিবরণ	দর	পরিমাণ	মূল্য
০১.	LH 26A	১,৫০০/-	৪টি	৬,০০০/-
০২.	CF 76A(Without Chip)	১,৫৫০/-	৪টি	৬,২০০/-
০৩.	151 A(Without Chip)	১,৮৫০/-	৪টি	৭,৪০০/-
০৪.	166A(Without Chip)	২,২৫০/-	২টি	৪,৫০০/-
মোট=			১৪টি	২৪,১০০/-

৪১। এমতাবস্থায়, উপরোক্ত বিস্তারিত বর্ণনার প্রেক্ষিতে এবং রাজস্ব জোন -০২ এর বিলিং ও আদায়ের কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে টোনার/কার্টিজ ক্রয় বাবদ সর্বমোট=২৪,১০০/- (চব্বিশ হাজার একশত) মাত্র রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-২ এর অনুকূলে অত্র জোনের “প্রিন্টিং ও স্টেশনারী” খাত হতে অস্থায়ী অগ্রীম বরাদ্দের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। অস্থায়ী অগ্রীম অনুমোদিত হলে পরবর্তিতে খরচের প্রকৃত ভাউচারের মাধ্যমে উক্ত টাকা সমন্বয় করা হবে।

আব্দুল্লাহ আল মামুন খান
রাজস্ব কর্মকর্তা(চঃ দাঃ)
রাজস্ব জোন-২, ঢাকা ওয়াসা

রুহুল আমিন
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
রাজস্ব জোন-২, ঢাকা ওয়াসা

মোঃ মাহবুবুর রহমান
(উপসচিব)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

এস.এম. মোস্তফা রাসেল মল্লিক
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

DND(F)

মোঃ আমিরুল ইসলাম
(উপসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (জনসংসদ ও প্রশাসন)
বাণিজ্যিক কর্মকর্তা
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা।